ভারতে জরুরি ওষুধ ও চিকিৎসা সামগ্রীর প্রথম চালান পাঠালো বাংলাদেশ

চেম্বার ডেস্ক:: শুভেচ্ছা উপহার হিসেবে কোভিড-১৯ মহামারি মোকাবেলায় ভারতে জরুরি ওষুধ ও চিকিৎসা সামগ্রী পাঠানোর অংশ হিসেবে ১০ হাজার রেমডেসিভির প্রথম চালান পাঠাচ্ছে বাংলাদেশ। বৃহস্পতিবার বিকেলে বেনাপোল বন্দর দিয়ে এই ওষুধ পাঠানো হয়েছে ভারতে।

কাস্টমস ও ওষুধ প্রেরণের কাজে নিয়োজিত সিএন্ডএফ এজেন্ট প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী রবিউল ইসলাম রবি জানান, বেনাপোল বন্দর দিয়ে আজ বিকেলে ৩৩৪ কার্টুন অর্থাৎ ১০ হাজার পিচ রেমডেসিভির ভারতে পাঠানো হয়েছে।

ভারতের রেড ক্রিসেন্ট সোসাইটি ও কোলকাতাস্থ বাংলাদেশী হাই কমিশনার ওপারে পেট্রাপোল বন্দরে এই ওষুধ গ্রহণ করেন। বাংলাদেশে পক্ষে কাস্টমস এর ডেপুটি কমিশনার মোস্তাফিজুর রহমান ও বিজিবির পক্ষে ৪৯ বিজিবির কমান্ডিং অফিসার লে: কর্নেল সেলিম রেজা এসময় উপস্থিত ছিলেন।

বেনাপোল কাস্টমস কমিশনার আজিজুর রহমান জানান, ভারতে করোনার পরিস্থিতি দ্রুত অবনতি হওয়ায় বাংলাদেশ সরকার সেদেশের মানুষের জন্য জরুরি ভিত্তিতে ওষুধ ও চিকিৎসা সরঞ্জাম পাঠাচ্ছে। তবে এই ওষুধের মধ্যে প্রয়োজনীয় রেমডেসিভিরও রয়েছে। ভারতে এখন প্রচুর রেমডেসিভির সংকট। সে কারণে এই ওষুধ পাঠানো হচ্ছে ভারতে।

উল্লেখ্য, ভারতে করোনা পরিস্থিতির অবনতি হওয়ায় গত ৩০ এপ্রিল বাংলাদেশ সরকার জরুরি সহায়তার ঘোষণা দেয়।